

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।


তারিখ : ১২ ডিসেম্বর, ২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১২ ডিসেম্বর ২০২৩ তারিখ মঙ্গলবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মোঃ আব্দুস সোবহান মহোদয়ের নেতৃত্বে চট্টগ্রাম শহরের বি এস পি প্রোডাক্টস প্রাঃ লিঃ, কালুরঘাট এর কারখানায় অভিযানকালে অস্বাস্থ্যকর পরিবেশে অনুমোদিত রাসায়নিক (হাইড্রোজ), যথাযথ লেবেল বিহীন খাদ্য পণ্য উৎপাদন, অসম্পূর্ণ তথ্য এবং নানাবিধ অসজ্ঞাতি পরিলক্ষিত হওয়ায় নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর সংশ্লিষ্ট বিধানানুযায়ী ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা জরিমানা আরোপ ও তাৎক্ষণিক আদায় করা হয়।

এছাড়া নূর সুইটস, মজ্জারটেক কর্ণফুলী এলাকায় অভিযানকালে প্রতিষ্ঠানটিতে অস্বাস্থ্যকর পরিবেশ, পোড়া তেল এবং হাইড্রোজ এর উপস্থিতি পাওয়া যায়। এছাড়াও কারখানাটি অনির্ভুক্ত অবস্থায় পাওয়া যায়। এ সকল অসজ্ঞাতি পরিলক্ষিত হওয়ায় উক্ত প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট ধারানুযায়ী ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা আরোপ ও তাৎক্ষণিক আদায় করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জেলা চট্টগ্রাম এর নিরাপদ খাদ্য পরিদর্শক এবং সাপোর্টিং স্টাফসহ র‍্যাব-০৭ এর একটি টোকস টিম সার্বিক সহযোগিতা প্রদান করেন।



(মোঃ আখতার মামুন)
পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিভরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।